আমি   তখন ছিলেম মগন গহন ঘুমের ঘোরে
যখন   বৃষ্টি নামল   তিমিরনিবিড় রাতে।
দিকে দিকে সঘন গগন মত্ত প্রলাপে   প্লাবন-ঢালা শ্রাবণধারাপাতে
সে দিন   তিমিরনিবিড় রাতে॥
আমার   স্বপ্নস্বরূপ বাহির হয়ে এল,   সে যে   সঙ্গ পেল
আমার   সুদূর পারের স্বপ্নদোসর-সাথে
সে দিন   তিমিরনিবিড় রাতে॥
আমার   দেহের সীমা গেল পারায়ে— ক্ষুব্ধ বনের মন্দ্ররবে গেল হারায়ে।
মিলে গেল কুঞ্জবীথির সিক্ত যূথীর গন্ধে   মত্তহাওয়ার ছন্দে,
মেঘে মেঘে তড়িৎশিখার ভুজঙ্গপ্রয়াতে   সে দিন   তিমিরনিবিড় রাতে॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Style: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail